শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যিহোশূয় দায়িত্ব নিলেন



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest
Alastair P.
অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2020 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

মোশি মারা গিয়েছিল।
যিহোশূয় জানত,
ইস্রায়েলীয়দের পথ
দেখানোর জন্য
ঈশ্বর তাকে
মনোনীত
করেছেন।

সৈনদল তৈরি করার
আগে যিহোশূয়ের
নিজেকে তৈরি করার
প্রয়োজন ছিল।

ঈশ্বর প্রতিজ্ঞা
করেছিলেন, যদি
লোকেরা ঈশ্বরের
বাক্যে মনোযোগ দেয়,
তাহলে তারা কনান
দেশে সৌভাগ্য
ও জয়
দেখতে
পাবে।

ইস্রায়েলীয়রা প্রতিজ্ঞা করল যে, তারা যিহোশূয়কে অনুসরণ করবে ও ঈশ্বরের বাক্য মেনে চলবে।

বিচক্ষণতার সাথে নতুন নেতা যিরীহোর প্রতিরোধ ব্যবস্থা দেখার জন্য দু'জন চরকে কনান দেশের যিরীহো শহরে

ইস্রায়েলে
র প্রথম
যুদ্ধ
এখানে
লড়া
হবে।



কেউ যিরীহোর রাজাকে বলল যে, শহরে চর এসেছে। তিনি খোঁজ করার জন্য সৈন্যদল পাঠালেন। যেখানে তারা থাকত, সেই রাহবের ঘরে খোঁজা শুরু হল।



সৈন্যরা তার দরজায় প্রচণ্ড আঘাত করতে লাগল। খুব শীঘ্র রাহব লোকদের মসিনার ডাটার তলায় লুকিয়ে রাখল।

সৈন্যদল বেরিয়ে যাবার পর, রাহব তাদেরকে শহরের প্রাচীরের দেওয়াল দিয়ে নিরাপদে নামিয়ে দিল। কেন সে চরদের সাহায্য করেছিল?

কারণ সে জানত যে, ঈশ্বর তাদের সহবর্তী। সে চেয়েছিল যেন ঈশ্বর তার জীবন রক্ষা করেন। চরেরা রাহব ও তার পরিবারকে রক্ষা করার প্রতিজ্ঞা করেছিল।

যিরীহোতে পৌঁছানোর আগে ইস্রায়েলীয়দের যর্দন নদী পার হয়ে সেই প্রতিজ্ঞাত কনান দেশে প্রবেশ করতে হয়েছিল।



সেখানে কিন্তু কোনও সেতু ছিল না।
কেমন করে লোকেরা পার হয়েছিল?



ঈশ্বর যিহোশূয়কে বললেন, পুরোহিতেরা সিন্দুকের মধ্যে দশ আজ্ঞা নিয়ে সৈন্য ও লোকদের আগে চলুক।



যখন পুরোহিতদের পা নদীর জল স্পর্শ করল, ঈশ্বর এক অলৌকিক কাজ করলেন। ঈশ্বর জলের মধ্য দিয়ে একটি শুকনো রাস্তা তৈরি করলেন।



এর পরে সমস্ত লোকরা নিরাপদে রাস্তা পার হল। তারা নদীর পাশে বারোটা বড়ো পাথর বসাল, আর বারোটা পাথর বসাল কনান দেশের নদীর পাশে।



এইগুলো তাদের
সন্তানদেরকে
ঈশ্বরের প্রেম ও
মহান শক্তির কথা
শিক্ষা দিতে ও স্মরণ
করাতে
সাহায্য করবে।





যিরীহোর দেওয়াল শক্ত ও মোটা ছিল। যেই যিহোশূয় আক্রমণ করার পরিকল্পনা করছিল, ...



... ঈশ্বর স্বর্গ থেকে তার সৈন্যদলের জন্য নতুন নেতা পাঠিয়ে ইস্রায়েলকে স্মরণ করালেন যে, ঈশ্বর তাঁর লোকদের জন্য যুদ্ধ জেতেন।



কীভাবে যিরীহো শহরকে আক্রমণ করা হবে, সে বিষয়ে ঈশ্বর যিহোশূয়কে বলেছিলেন। এটি এক অদ্ভুত পরিকল্পনা ছিল।



ঈশ্বরের লোকের দিনে একবার করে ছয় দিন শহরের চারিদিকে শৃঙ্খলাবদ্ধভাবে হাঁটতে হয়েছিল, ...



... আর সাত দিনে সাতবার ঘোরার সময় তারা জোরে চিৎকার ও ডঙ্কা বাজাবে, তাহলে শহরের দেওয়াল ভেঙ্গে পড়বে।

ঈশ্বর যেমন আদেশ
করেছিলেন যিহোশূয় ও তার
সৈন্যদল ঠিক তাই করল।



বোধহয় যিরীহো শহরের লোকেরা
তাদেরকে দেখে হেঁসেছিল, কিন্তু
সাতদিন পরে সাতবার হাঁটার
পর পুরোহিতেরা
ভেড়ার ডঙ্কা
বাজিয়েছিল।





ঈশ্বর যেমন তাদের প্রতিজ্ঞা করেছিলেন, ঠিক তেমনই সেই বিরাট দেওয়াল টুকরো টুকরো হয়ে পড়ে গেল।





দেওয়ালে একমাত্র রাহবের ঘরটা নিরাপদ ছিল। সে তার লাল কাপড় জানালার বাইরে ঝুলিয়ে রেখেছিল।

শীঘ্রই যিহোশূয়র লোকেরা তাকে আর তার পরিবারকে রক্ষা করল।

তারপর যিরীহো শহর
ধ্বংস হয়েছিল,
যেমনটি
ঈশ্বর আদেশ
দিয়েছিলেন।

যথাবিধিভাবে
যিহোশূয় যিরীহোর
সোনা, রূপা ও সম্পত্তি
ঈশ্বরের উদ্দেশ্যে, তাঁর
সেবার জন্য উৎসর্গ করল।

তিনি একটি
অভিশাপ দিলেন,
যে কেউ ঐ খল
শহরটা আবার বানাবে,
সে অভিশপ্ত হবে।

যিহোশূয় কীভাবে যিরীহোকে পরাজিত করেছিল, খুব শীঘ্রই সেকথা কনানের সবাই জানতে পারল। তারা বুঝল যে, ঈশ্বর তাঁর সন্তানদের সঙ্গে ছিলেন।

যিহোশূয় দায়িত্ব নিলেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যিহোশূয় ১-৬

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬